

6126/2021

T-6025/2021



পশ্চিমবঙ্গ অফিস বঙ্গাল WEST BENGAL

AE 466195

-:ডেভেলপমেন্ট এগ্রিমেন্ট বা চুক্তিপত্র:-

প্রথম পক্ষ (মালিক) -

১) শ্রী সুবল দাস (PAN : ANOPD6337J), পিতা- স্বর্গীয় সুবোধ কুমার দাস, পেশা- চাকুরি, ২) শ্রীমতী স্মৃতিকনা দাস, (PAN: AWWPD8328A), স্বামী- স্বর্গীয় সমীরণ দাস, পেশা- শিক্ষকতা, ৩) শ্রী সুদীপ্ত দাস (PAN : AWMPD0531F) পিতা- স্বর্গীয় সমীরণ দাস, পেশা- চাকুরি, ৪) শ্রীমতী শিল্পী দাস, (PAN : BGMPD5338K), স্বামী- সুবল দাস, পেশা- গৃহকর্ম, ৫) শ্রীমতী সুদীপা দাস (PAN: CEZPD7374B) পিতা- স্বর্গীয় সমীরণ দাস, পেশা- গৃহকর্ম, সকলের ধর্ম- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, সকলের সাকিন- সুলতানপুর, গোয়ালাপাড়া, পোঃ- ইটালগাছা, থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০৭৯, জেলা- উত্তর ২৪ পরগনা।

Cont.....2

Useful that the document is
 a contract, Trust, etc. and
 the document should be
 signed and sealed by the
 parties to the contract.

Subscribed and sealed at
 Kolkata, West Bengal, this 2nd day of August 2021.

02 AUG 2021

Handwritten notes on the left side of the page:
 2/8
 4-25/21
 1124/20
 24/11/21
 18/8/21
 Amount

SUBIRO KANTIROY CHOUDHURY
Advocate
High Court, Calcutta

SUBIRO KANTIROY CHOUDHURY
Advocate
High Court, Calcutta

No. _____
24 JUN 2021
S. CHATTERJEE
Licensed Valuer
2 & 3, N. S. Road, Kol-1

4404

24 JUN 2021

24 JUN 2021



Apurba Halder
S/O - Late Anil Krishna Halder
Gouranga Nagar
P.S. - New Town
Kolkata 700159

add. District Sub-Registrar
Cossipore, Dum Dum

02 AUG 2022

দ্বিতীয় পক্ষ (ডেভেলপার)-

মেসার্স ম্যাপেল ভেঞ্চারস (M/S. MAPLE VENTURES), (PAN No: ABMFM8297J) একটি অংশীদারি উন্নয়নকারি সংস্থা যাহার প্রধান কার্যালয় ৮/৩, এন.সি. সেন এভিনিউ, পোঃ- মলরোড, থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০৮০, জেলা- উত্তর ২৪ পরগনা, যাহার প্রতিনিধিত্বকারি অংশীদারিগন যথাক্রমে- ১) শ্রী সিদ্ধার্থ গুপ্ত, (PAN No: AMVPG3231G) পিতা- শ্রী ইন্দ্রজিৎ গুপ্ত, পেশা- ব্যবসা, সাকিন- ২৪৬/৮, আর. বি. সি. রোড, পোঃ এবং থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০২৮, জেলা- উত্তর ২৪ পরগনা, এবং ২) শ্রী প্রবীর কোলে, (PAN :AMSPK7475P), পিতা- শ্রী মানিক লাল কোলে, পেশা- ব্যবসা, সাকিন- মানিকপুর, ঠাকুরপাড়া, পোঃ- ইটালগাছা, থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০৭৯, জেলা- উত্তর ২৪ পরগনা। সকলের ধর্ম- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, এবং উক্ত ডেভেলপারগন এর মধ্যে যে কোন কাহার অবর্তমানে তাহার/তাহাদের উত্তরাধিকারিগন মালিক হিসাবে পরিগনিত হবে।

কস্য নিম্ন তপশীল বর্ণিত স্থাবর সম্পত্তির উপর চারিতল বিশিষ্ট ইমারতবাটি নির্মানের চিরস্থায়ী এগ্রিমেন্ট বা চুক্তিপত্র কার্যকর :-

সমগ্র বাস্তু জমিটির দৈর্ঘ্য কমবেশি ২(দুই) কাটা, ১১(এগারো) ছটাক, ২৩(তেইশ) বর্গফুট, যার মধ্যে একটি দ্বীতল বিল্ডিং রয়েছে, যার দৈর্ঘ্য কমবেশি ১৪৪৬(এক হাজার চার শত ছেচল্লিশ বর্গফুট)। উল্লিখিত বাস্তু জমিটির সম্পূর্ণ অবস্থান হল হোল্ডিং নং- ৭৯, ৭৯/১, ৭৯/২, নির্মল সেনগুপ্ত সরণী, কোলকাতা- ৭০০ ০৭৯, যেটি দমদম পৌরসভার সীমার মধ্যে অবস্থিত, ওয়ার্ড নং- ৩, জেলা- উত্তর ২৪ পরগনা, যেটি পশ্চিমবঙ্গ সরকারের রেকর্ড অনুযায়ী রেকর্ডকৃত মালিক হিসাবে মূলত শ্রী পাঁচু পাজার অধিকৃত।

শ্রী পাঁচু পাজা তার উত্তরাধিকারি রূপে শ্রী কার্তিক চন্দ্র দাস পাজা (পুত্র) এবং শৈলবালা দাসী (বিধবা স্ত্রী) কে রেখে মারা যান, যারা উল্লিখিত জমিটিকে খোসভাবে মথুলাল আহির কে হস্তান্তরিত করেন একটি কোবালা দলিলের

মাধ্যমে,যেটি এল্লিকিউট হয় ০২.০৩.১৯৩১ তারিখে এবং ০৭.০৩.১৯৩১ তারিখে এ.ডি.এস.আর. কাশিপুর দমদমে নিবন্ধিত হয়, যাহার বুক নং- ৭, ভলিউম নং- ২, পৃষ্ঠা নং- ২৪৬ থেকে ২৪৮, দলিল নং- ২২৯ এবং সাল- ১৯৩১।

শ্রী মথুলাল আহির তার উত্তরাধিকারি রূপে একমাত্র পত্নী শ্রীমতি যশোদা গোয়ালিনী এবং একমাত্র কন্যা শ্রীমতি ধনমণী যাদব কে রেখে মারা যান। অতঃপর উক্ত সম্পত্তিতে পত্নী শ্রীমতি যশোদা গোয়ালিনী এবং একমাত্র কন্যা শ্রীমতি ধনমণী যাদব -এর স্বামী ও পিতার ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হয়।

তাহারা উক্ত সম্পত্তিতে মালিক দখলিকার থাকাবস্থায় উক্ত সম্পত্তির আর.এস. খতিয়ান নং ৩৮১, সি.এস. দাগ নং- ২৪০৩, সৎশ্লিষ্ট আর.এস. দাগ নং- ২৪০৩/৩৩৪৫, যাহাদের সমগ্র জমির পরিমাপ কমবেশি ২(দুই) কাটা, ১১(এগারো) ছিটাক, ২৩(তেইশ) বর্গফুট।

শ্রীমতি যশোদা গোয়ালিনী এবং একমাত্র কন্যা শ্রীমতি ধনমণী যাদব যৌথভাবে শ্রী সুবোধ কুমার দাসকে উল্লিখিত জমিটি হস্তান্তরিত করেন একটি কোবালা দলিলের মাধ্যমে, যেটি ০৭.১২.১৯৭৬ তারিখে এ.ডি.এস.আর. কাশিপুর দমদমে নিবন্ধিত হয়, যাহার বুক-নং- ১, ভলিউম নং- ১২৯, পৃষ্ঠা নং- ১৭৮ থেকে ১৮২, দলিল নং- ৭৯৫১ এবং সাল- ১৯৭৬।

শ্রী সুবোধ কুমার দাস তার উত্তরাধিকারি রূপে একমাত্র পত্নী শ্রীমতি উষারানি দাস, পুত্র সুবল দাস এবং দুই কন্যা শ্রীমতি শেফালি আইচ সরকার ও শ্রীমতি শিবানী বিশ্বাসকে রেখে ১২.০১.২০০৯ তারিখে মারা যান। আরও উল্লিখিত যে শ্রী সুবোধ কুমার দাস মহাশয়ের জীবনকালীন সময়ে তার একমাত্র ভাই শ্রী সমীরণ দাস তার উত্তরাধিকারি রূপে একমাত্র পত্নী শ্রীমতি স্মৃতিকনা দাস, পুত্র সুদীপ্ত দাস এবং একমাত্র কন্যা শ্রীমতি সুদীপা দাস কে রেখেও মারা যান।

উপরের বর্ণিত ব্যক্তির একত্রে প্রয়াত সুবোধ কুমার দাসের তফশিল সম্পত্তির একমাত্র উত্তরাধিকারি এবং উত্তরসূরি হয়েছিলেন। সকল উত্তরাধিকারিগন সেখানে থাকা দুটি কাঠামো অধিকৃত করেন, যার মধ্যে একটি একতল এবং অপরটি দ্বিতল, যার মোট দৈর্ঘ্য কমবেশি ১ (এক) কাটা, ১৫(পনেরো) ছটাক, ৩৫(পঁয়ত্রিশ) বর্গফুট।

প্রয়াত সুবোধ কুমার দাসের উত্তরাধিকারিগন এবং উত্তরসূরিগন আভ্যন্তরীন দান পত্র নিবন্ধিত করেন ও তদানুসারে অবিভক্ত অংশ নিজেদের মধ্যে হস্তান্তরিত করেন। যাহার বিবরণ নিম্নরূপ :-

দানপত্রের সময়কাল ১০ই আগস্ট, ২০১০।

দাতার নাম- ১. শ্রীমতী স্মৃতিকনা দাস, ২. শ্রী সুদীপ্ত দাস, ৩. শ্রীমতী উষারানি দাস, ৪. শ্রীমতি শেফালি আইচ সরকার, ৫. শ্রীমতি শিবানী বিশ্বাস।
গ্রহীতার নাম- ১. শ্রী সুবল দাস।

দানপত্রটি এ.ডি.এস.আর দমদমে নিবন্ধিত হয় যাহার বুক নং- ১, ভলিউম নং- ১৭৫, পৃষ্ঠা নং- ১৯৩ থেকে ২০৬, দলিল নং- ৬৬১৩ এবং সাল- ২০১০।

দানপত্রের সময়কাল ১০ই আগস্ট, ২০১০।

দাতার নাম- ১. শ্রীমতী উষারানি দাস, ২. শ্রী সুবল দাস, ৩. শ্রীমতি শেফালি আইচ সরকার, ৪. শ্রীমতি শিবানী বিশ্বাস।

গ্রহীতার নাম- ১. শ্রীমতী স্মৃতিকনা দাস, ২. শ্রী সুদীপ্ত দাস।

দানপত্রটি এ.ডি.এস.আর দমদমে নিবন্ধিত হয় যাহার বুক নং- ১, ভলিউম নং- ১৭৫, পৃষ্ঠা নং- ১৭৯ থেকে ১৯২, দলিল নং- ৬৬১২ এবং সাল- ২০১০।

দানপত্রের সময়কাল ১০ই আগস্ট, ২০১০।

দাতার নাম- ১. শ্রীমতী স্মৃতিকনা দাস, ২. শ্রী সুদীপ্ত দাস, ৩. শ্রী সুবল দাস,
৪. শ্রীমতি শেফালি আইচ সরকার, ৫. শ্রীমতি শিবানী বিশ্বাস।

গ্রহীতার নাম- ১. শ্রীমতী উষারানি দাস।

দানপত্রটি এ.ডি.এস.আর দমদমে নিবন্ধিত হয় যাহার বুক নং- ১, ভলিউম
নং- ১৭৫, পৃষ্ঠা নং- ১৬৫ থেকে ১৭৮, দলিল নং- ৬৬১১ এবং সাল-
২০১০।

দানপত্রের সময়কাল ১৬ই নভেম্বর, ২০১০।

দাতার নাম- ১. শ্রীমতী উষারানি দাস।

গ্রহীতার নাম- ১. শ্রীমতী শিল্পী দাস।

দানপত্রটি এ.ডি.এস.আর দমদমে নিবন্ধিত হয় যাহার বুক নং- ১, ভলিউম
নং- ২২, পৃষ্ঠা নং- ১৮৯৬ থেকে ১৯০৯, দলিল নং- ০৬৯৮৭ এবং সাল-
২০১০।

দানপত্রের সময়কালই, ২০২১।

দাতার নাম- ১. শ্রীমতী স্মৃতিকনা দাস, ২. শ্রী সুদীপ্ত দাস।

গ্রহীতার নাম- ১. শ্রীমতী সুদীপা দাস।

দানপত্রটি এ.ডি.এস.আর নিবন্ধিত হয় যাহার বুক নং-, ভলিউম নং-
....., পৃষ্ঠা নং- ... থেকে ..., দলিল নং- এবং সাল- ২০২১।

তদাবধি আমরা প্রথম পঞ্চগন আমাদের উল্লেখিত প্রকারে প্রাপ্ত উক্ত ও
নিম্নের 'ক' তপশীল বণীত সম্পত্তিতে নিরূপিত কারাদায়ে এযাবৎকাল খাসে
অন্যের নিরাংশে নির্বিবাদে নিরবিচ্ছিন্নভাবে এজমালে খাসে স্বত্ত্ববান, মালিক ও
দখলিকার হইয়া ভোগ, দখল করিয়া আসিতেছি যাহাতে আমাদের সকল
প্রকার দান, বিক্রয়, হস্তান্তর করিবার উত্তম নিবৃত্ত স্বত্ত্ব বর্তমান আছে।

আভ্যন্তরীণ সীমাবদ্ধতার ভিত্তিতে দানপত্রগুলি সম্পাদন এবং নিবন্ধিতকরণ
হয়, যাহা দানপত্রগুলির সহিত নথিভুক্ত সাইট প্লানে বর্ণিত।

শ্রী সুবল দাস এর সহিত শ্রীমতী শিল্পী দাস, শ্রীমতী স্মৃতিকনা দাস, শ্রী সুবল দাস একত্রে 'মা তারা ডেভেলপারস'(MAA TARA DEVELOPERS) এর সহিত একটি ডেভেলপমেন্ট এগ্রিমেন্টে প্রবেশ করেন, যা একটি পার্টনারশিপ সংগঠন যা- (১) শ্রী প্রবীর কোলে, পিতা- শ্রী মানিক লাল কোলে, সাং- মানিকপুরা, ঠাকুরপাড়া, থানা- দমদম, পোঃ- ইটালগাছা, কোলকাতা- ৭০০ ০৭৯, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, (২) শ্রী সুনীল কুমার সাউ, পিতা- শ্রী ইন্দ্রদেও সাউ, সাং- চ-এফ, শরৎ সেকেন্ড লেন, থানা- ফুলবাগান, পোঃ- ফুলবাগান, কোলকাতা- ৭০০ ০১০, জেলা- উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ, উভয়ের জাতি- হিন্দু, নাগরিকত্ব- ভারতীয়, পেশা- ব্যবসা, এর অংশদারী দ্বারা প্রতিনিধিত্ব। উপরিউল্লিখিত ব্যক্তিবর্গ একটি ডেভেলপমেন্ট এগ্রিমেন্ট যেটি নিবন্ধীত হয় এ.ডি.এস.আর. কাশিপুর দমদমে যাহার বুক নং- ১, ভলিউম নং- ১৫০৬-২০১৫, পৃষ্ঠা নং- ৩৪৯২ থেকে ৩৫২৯, দলিল নং- ১৫০৬০৪৬০৯ এবং সাল- ২০১৫ এবং এর পরবর্তিতে একটি সাধারণ মোজারনামা এ.ডি.এস.আর. কাশিপুর দমদমে নিবন্ধীত করেন যাহার বুক নং- ১, ভলিউম নং- ১৫০৬-২০১৫, পৃষ্ঠা নং- ৩৭২২১ থেকে ৩৭২৪৪, দলিল নং- ১৫০৬০৫৫৩৬ এবং সাল- ২০১৫।

উপরিউল্লিখিত ডেভেলপারগন তাদের নিজস্ব কারন দরুন প্রকল্পিত উন্নয়ন কাজ করিতে সক্ষম না হতে পারায় উল্লিখিত মালিকগন ডেভেলপমেন্ট এগ্রিমেন্ট বাতিল করেন, যেটি নিবন্ধীত হয় এ.ডি.এস.আর. কাশিপুর দমদমে যাহার বুক নং-, ভলিউম নং-, পৃষ্ঠা নং-থেকে, দলিল নং- এবং সাল- এবং সাধারণ মোজারনামা প্রত্যাখ্যান করেন যেটি এ.ডি.এস.আর. কাশিপুর দমদমে নিবন্ধীত হয়, যাহার বুক নং-, ভলিউম নং-, পৃষ্ঠা নং- ... থেকে ..., দলিল নং- এবং সাল-। উপরিউল্লিখিত ব্যক্তিবর্গেরা কার্যকরভাবে সন্মত এবং স্বীকৃতি দিয়ে ১৫.৫.১৫ তারিখে নিবন্ধিত হওয়া ডেভেলপমেন্ট এগ্রিমেন্ট বাতিল করেন, যার দলিল নং- ১৫০৬০৪৬০৯। স্বীকৃত হয় যে এটি সমপূর্ণরূপে বাতিল হইবে এবং এর পর এটির কোনো বল ও প্রভাব থাকিবে না।

উপরিউল্লিখিত ব্যক্তিবর্গেরা আরও স্বীকৃত দেন যে- ১. ১৫.০৫.২০১৫ তারিখে নিবন্ধীত হওয়া ডেভেলপমেন্ট এগ্রিমেন্ট বাতিল হইবার পরে কোন পক্ষই এর অনুসরণীয় কোন অধিকার বা বাধ্যবাধকতা বজায় রাখতে পারিবেনা। ২. উভয় পক্ষ ১৫.০৫.২০১৫ তারিখে নিবন্ধীত হওয়া ডেভেলপমেন্ট এগ্রিমেন্টের সমস্ত প্রকার অধিকার, বাধ্যবাধকতা, দাবি ও কারনগুলি থেকে অপর পক্ষকে মুক্তি দিতে বাধিত থাকিবেন।

বর্তমানে প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগণ তাহাদের স্বত্ব দখলীয় উপরোক্ত বনীত সম্পত্তির উপর বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মান করিতে চাহিলে নগদ অর্থের অভাব, অভিজ্ঞতা ও দেখভালের অভাব জনিত কারনে কোন ইচ্ছুক ব্যক্তি বা ব্যক্তিগণের বা প্রতিষ্ঠানের করিতে থাকেন। এমতবস্থায় অত্র চুক্তিপত্রের দ্বিতীয় পক্ষ অর্থাৎ ডেভেলপার, প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগণের নিকট যৌথ উদ্যোগে বা জয়েন্ট ভেঞ্চারে উক্ত সম্পত্তির উপর দ্বিতীয় পক্ষের নিজ ব্যয়ে বা খরচে বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মান করিতে ইচ্ছুক জানাইলে পর প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগণ তাহাতে সম্মত হইয়া দ্বিতীয় পক্ষকে উক্ত সম্পত্তির উপর বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মান করিতে অনুমতি দিলেন।

ক) প্রথম পক্ষ (মালিক) -

১) শ্রী সুবল দাস, পিতা- স্বর্গীয় সুবোধ কুমার দাস, পেশা- চাকুরি, ২) শ্রীমতী স্মৃতিকনা দাস, স্বামী- স্বর্গীয় সমীরণ দাস, পেশা- শিক্ষকতা, ৩) শ্রী সুদীপ্ত দাস, পিতা- স্বর্গীয় সমীরণ দাস, ৪) শ্রীমতী শিল্পী দাস, স্বামী- সুবল দাস, পেশা- গৃহকর্ম, ৫) শ্রীমতী সুদীপা দাস, পিতা- স্বর্গীয় সমীরণ দাস, পেশা- গৃহকর্ম, সকলের ধর্ম- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, সকলের সাকিন- সুলতানপুর, গোয়ালাপাড়া, পোঃ- ইটালগাছা, থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০৭৯, জেলা- উত্তর ২৪ পরগনা।

খ) দ্বিতীয় পক্ষ (ডেভেলপার)-

মেসার্স ম্যাপেল ভেঞ্চারস (M/S. MAPLE VENTURES), একটি অংশীদারি উন্নয়নকারি সংস্থা যাহার প্রধান কার্যালয় ৮/৩, এন.সি. সেন এভিনিউ, পোঃ- মলরোড, থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০৮০, জেলা- উত্তর ২৪ পরগনা, যাহার প্রতিনিধিত্বকারি অংশীদারিগন যথাক্রমে- ১) শ্রী সিদ্ধার্থ গুপ্ত, পিতা- শ্রী ইন্দ্রজিৎ গুপ্ত, পেশা- ব্যবসা, সাকিন- ২৪৬/৮, আর. বি. সি. রোড, পোঃ এবং থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০২৮, জেলা- উত্তর ২৪ পরগনা, এবং ২) শ্রী প্রবীর কোলে, পিতা- শ্রী মানিক লাল কোলে, পেশা- ব্যবসা, সাকিন- মানিকপুর, ঠাকুরপাড়া, পোঃ- ইটালগাছা, থানা- দমদম, কোলকাতা- ৭০০ ০৭৯, জেলা- উত্তর ২৪ পরগনা। সকলের ধর্ম- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, এবং উক্ত ডেভেলপারগন এর মধ্যে যে কোন কাহার অবর্তমানে তাহার/তাহাদের উত্তরাধিকারিগন মালিক হিসাবে পরিগনিত হবে।

গ) জমি-

০২(দুই) কাটা ১১(এগারো) ছটাক ২৩(তেইশ) বর্গফুট জমি ও তৎপরিস্থিত ১৫৪৬ বর্গফুট (একতলার পরিমাপ ৭৭৩ বর্গফুট ও দ্বিতলের পরিমাপ ৭৭৩ বর্গফুট) পরিমিত দ্বিতল বাড়ি যাহার মৌজা- সুলতানপুর, জে.এল.নং- ১০, তৌজি নং- ১৭৩, রেঃ. সাঃ. নং- ১৪৮, সাবেক নং- ২৪০৩, হাল নং- ২৪০৩/৩৩৪৫, থানা- দমদম, এ.ডি.এস.আর. দমদম, জেলা- উত্তর ২৪ পরগনা, যাহা দমদম পৌরসভার ৩ নং ওয়ার্ডের ৭৯,৭৯/১,৭৯/২, নির্মল সেন গুপ্ত সরনী, কোলকাতা- ৭০০ ০৭৯ হোল্ডিং এ অবস্থিত।

ঘ) স্থপতি-

উক্ত বহুতল নির্মানের জন্য ডেভেলপার কর্তৃক স্থপতি নিয়োগ।

ঙ) অটালিকা-

০২(দুই) কাটা কাটা ১১(এগারো) ছটাক ২৩(তেইশ) বর্গফুট জমিতে ডেভেলপারের নিজ খরচে বহুতল নির্মান।

চ) অবিভাজ্য অংশ-

উক্ত বহুতলের যাহা উভয় পক্ষের ব্যবহার্য পরিবর্তনশীল এবং অংশ প্রদান করা নির্দিষ্ট অংশ বিশেষ।

ছ) অটালিকা নাকশা-

উক্ত নকশা দমদম পৌরসভা দ্বারা অনুমোদিত যাহার সম্পূর্ণ খরচ বহন করিবে উক্ত ডেভেলপার/ দ্বিতীয় পক্ষ এবং মালিক / প্রথম পক্ষ যখন সহির প্রয়োজন তাহা করিবেন দমদম পৌরসভার নির্দেশ অনুসারে।

জ) স্থানান্তরিত কার বা হওয়া-

উক্ত প্রথম পক্ষ/মালিক, ডেভেলপারকে উক্ত জমি হস্তান্তর করবেন এবং উভয় পক্ষ যে যাহার অংশ হস্তান্তরিত করবেন।

ঝ) ট্রান্সফারি-

উক্ত বহুতলের ডেভেলপার/দ্বিতীয় পক্ষের অংশ প্রস্তাবিত ক্রেতাকে হস্তান্তর করবেন।

ঞ) হস্তান্তরকারি-

উক্ত ১. শ্রী সুবল দাস, ২. শ্রীমতী স্মৃতিকনা দাস, ৩. শ্রী সুদীপ্ত দাস এবং ৪. শ্রীমতী শিল্পী দাস, ৫. শ্রীমতী সুদীপা দাস 'ক' তপশীল বণীত সম্পত্তির যৌথ মালিক হিসাবে, উপরিউক্ত জমিতে বহুতল নির্মানের জন্য উক্ত মেসার্স ম্যাপেল ভেঞ্চারস- এর পক্ষে ১. শ্রী সিন্ধার্থ গুপ্ত, ও ২. শ্রী প্রবীর কোলে- কে হস্তান্তর করবেন।

ট) আইনজ্ঞ-

দ্বিতীয় পক্ষ / ডেভেলপার তার নিজ খরচে এক জন আইনজ্ঞকে নিয়োগ করবেন, তাহার বিভিন্ন রকম চুক্তি ও অন্যান্য আইন বিষয়ক কাজকর্মের জন্য।

অতঃপর আমরা উভয়পক্ষ নিম্নলিখিত শর্তে স্বীকার, অঙ্গীকার ও প্রচার করিতেছি যে-

১. প্রথম পক্ষ জমির মালিকগণ তাহাদের নিম্ন 'ক' তপশীল বণীত সম্পত্তির উপর দ্বিতীয় পক্ষকে পাঁচতল (G+IV) বিশিষ্ট গৃহাদি নির্মানের জন্য এতদ্বারা ক্ষমতা প্রদান করিলেন এবং সেই মত দ্বিতীয় পক্ষ ইহার নিজ অর্থে, দায়িত্বে, ব্যবস্থাপনায় ও তত্ত্বাবধানে স্থানীয় দমদম পৌরসভার অনুমোদিত নকশা অনুযায়ী বিভিন্ন মাপের স্বয়ং সম্পূর্ণ ফ্ল্যাট, দোকান ঘর, গ্যারেজ ইত্যাদি নির্মান করিয়া উক্ত প্রস্তাবিত পাঁচতল (G+IV) বিশিষ্ট বাড়ির বিভিন্ন তলে কমবেশি ২৭২০ বর্গফুট কভার্ড এরিয়া (সিড়ি ও লিফট ব্যতিত) পরিমিত জায়গা যার যাবতীয় কমন সুযোগ সুবিধা ব্যবহারের স্বত তৎসহ আনুপাতিক হারে জমির স্বত সহ সম্পত্তির অত্র মালিকগণ অর্থাৎ প্রথম পক্ষের অংশ বলিয়া গন্য ও কার্যকর হইবে যাহা 'খ' তপশীলে দফা-২ হিসাবে বিশেষভাবে বণীত আছে। জমির মালিক পক্ষ গণের জন্য নির্দিষ্ট জায়গা বা স্পেস নিম্নলিখিতভাবে বন্টিত বা বিতরিত হইবে :-

ক) শ্রী সুবল দাস প্রস্তাবিত পাঁচতল (G+IV) বাড়ির ত্রিতলের (সেকেন্ড ফ্লোর) দক্ষিণ-পশ্চিম দিকে সকল প্রকার মাপিই কমবেশি ৩% (তিন শতাংশ) হইতে পারে (সিড়ি ও লিফট ব্যতিত) ৮০০ বর্গফুট (কভার্ড এরিয়া) পরিমিত একটি বসবাস যোগ্য ফ্ল্যাট (দুইটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর, ও টয়লেট) এবং চতুর্থ তলে (থার্ড ফ্লোরে) দক্ষিণ-পশ্চিম দিকে কমবেশি ২৪০ বর্গফুট কভার্ড এরিয়া (সিড়ি ও লিফট ব্যতিত) পরিমিত একটি বসবাস যোগ্য ফ্ল্যাট (একটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর, ও টয়লেট) তৎসহ গ্রাউন্ড ফ্লোরে ১২০ বর্গফুট কভার্ড এরিয়া পরিমিত একটি দক্ষিণমুখি গ্যারেজ যার যাবতীয় কমন সুযোগ-সুবিধা ব্যবহারের স্বত তৎসহ অবিভক্ত জমির হারাহারি বা সমানুপাতিক অংশ পাইবেন।

খ) শ্রী সুদীপ্ত দাস প্রস্তাবিত পাঁচতল (G+IV) বাড়ির ত্রিতলের দক্ষিণ-পূর্ব দিকে কমবেশি ৫২০ বর্গফুট কভার্ড এরিয়া (সিড়ি ও লিফট ব্যতিত) পরিমিত একটি বসবাস যোগ্য ফ্ল্যাট (দুইটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর,

ও দুইটি টয়লেট) যার যার যাবতীয় কমন সুযোগ-সুবিধা ব্যবহারের স্বত তৎসহ অবিভক্ত জমির হারাহারি বা সমানুপাতিক অংশ পাইবেন।

গ) শ্রীমতি স্মৃতিকনা দাস প্রস্তাবিত পাঁচতল (G+IV) বাড়ির দ্বীতলে দক্ষিণ-পূর্ব দিকে কমবেশি ৩২০ বর্গফুট কভার্ড এরিয়া (সিঁড়ি ও লিফট ব্যাতিত) পরিমিত একটি বসবাস যোগ্য ফ্ল্যাট (একটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর, ও একটি টয়লেট) যার যার যাবতীয় কমন সুযোগ-সুবিধা ব্যবহারের স্বত তৎসহ অবিভক্ত জমির হারাহারি বা সমানুপাতিক অংশ পাইবেন।

ঘ) শ্রীমতি সুদীপা দাস প্রস্তাবিত পাঁচতল (G+IV) বাড়ির দ্বীতলে দক্ষিণ দিকে কমবেশি ৩০০ বর্গফুট কভার্ড এরিয়া (সিঁড়ি ও লিফট ব্যাতিত) পরিমিত একটি বসবাস যোগ্য ফ্ল্যাট (একটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর, ও একটি টয়লেট) যার যার যাবতীয় কমন সুযোগ-সুবিধা ব্যবহারের স্বত তৎসহ অবিভক্ত জমির হারাহারি বা সমানুপাতিক অংশ পাইবেন।

ঙ) শ্রীমতি শিল্পী দাস প্রস্তাবিত পাঁচতল (G+IV) বাড়ির এক তলের(গ্রাউন্ড ফ্লোরে) দক্ষিণ দিকে কমবেশি ৪৫০ বর্গফুট কভার্ড এরিয়া (সিঁড়ি ও লিফট ব্যাতিত) পরিমিত একটি বসবাস যোগ্য ফ্ল্যাট (দুইটি শয়ন ঘর, একটি ডাইনিং, একটি রান্নাঘর, ও একটি টয়লেট) এবং তৎসহ গ্রাউন্ড ফ্লোরে বা একতলয় ৭০(সত্তর) বর্গফুট কভার্ড এরিয়া পরিমিত একটি দোকান ঘর যার যাবতীয় কমন সুযোগ-সুবিধা ব্যবহারের স্বত তৎসহ অবিভক্ত জমির হারাহারি বা সমানুপাতিক অংশ পাইবেন।

এছাড়াও এখানে বিশেষভাবে উল্লেখ থাকে যে নিম্ন 'ক'তপশীল বণীত সম্পত্তির উপর স্থানীয় দমদম পৌরশভার অনুমোদিত বিভিন্ন মাপের স্বয়ং সম্পূর্ণ ফ্ল্যাট, দোকান ঘর, গ্যারেজ সম্বলিত ছয়তল (G+V) বিশিষ্ট বহুতল নির্মিত হইলে উক্ত প্রস্তাবিত ষষ্টতল (G+V) বিশিষ্ট বাড়ির অন্তিম তল (Fifth Floor)- এর নির্মিত অংশের ৩৫% (পঁয়ত্রিশ শতাংশ) পরিমিত জায়গা মায়

যাবতীয় কমন সুযোগ-সুবিধা ব্যবহারের স্বত তৎসহ আনুপাতিক হারে জমির স্বত সহ সম্পত্তি অত্র মালিকগণের অর্থাৎ প্রথম পক্ষের অংশ ও অধিকার বলিয়া গন্য ও কার্যকরী হইবে।

এখানে বিশেষভাবে উল্লেখ থাকে যে, যদি প্রথম পক্ষ তাহাদের প্রাপ্য অংশের পরিমাণ জায়গা বা স্পেস অপেক্ষা কম পান তাহা হইলে দ্বিতীয় পক্ষ তৎকালীন বাজার দর অনুযায়ী উক্ত কম পরিমাণ অংশের মূল্য প্রথম পক্ষকে প্রদান করিতে থাকিলেন বা রহিলেন এবং যদি প্রথম পক্ষ তাহাদের প্রাপ্য নির্ধারিত অংশের পরিমাণ অপেক্ষা বেশি পান, তাহলে প্রথম পক্ষ তাহাদের প্রাপ্য অতিরিক্ত অংশের জন্য কোনোরূপ মূল্য দ্বিতীয় পক্ষকে প্রদান করিতে বাধ্য থাকিবেন না বা রহিবেন না। নির্মাণকার্য সম্পূর্ণ হইবার পশ্চাতে প্রথম পক্ষ এবং দ্বিতীয় পক্ষ মাপিকরণ করিবেন, ইহার পরে যদি প্রথম পক্ষের অতিরিক্ত অংশ প্রাপ্ত হয়, তাহলে দ্বিতীয় পক্ষ কোনোরূপ অতিরিক্ত দাম ধার্য করিতে পারিবেন না। কিন্তু যদি প্রথম পক্ষের কম অংশ প্রাপ্ত হয়, তাহলে দ্বিতীয় পক্ষ প্রতি বর্গফুট পিছু ৩,০০০/- (তিন হাজার) টাকা করে দিতে বাধ্য থাকিবেন।

শিফটিং-

অত্র জমির মালিকগণ প্রত্যেকে নিম্নলিখিত হারে ঘরভাড়া পাইবেন যতদিন না পর্যন্ত মালিকপক্ষ গণের জন্য নির্দিষ্ট অংশ তাহাদের হস্তান্তর না করা হয়। প্রথম পক্ষগণের বাড়ি ভাড়ার কোনোরূপ অগ্রিম টাকা ধার্য হইলে দ্বিতীয় পক্ষ তাহা দিতে বাধ্য থাকিবেন। যাহার হিসাব হল নিম্নরূপ:-

ক) শ্রী সুবল দাস ঘর ভাড়া বাবদ মাসিক ৭,০০০/- (সাত হাজার) টাকা পাইবেন।

খ) শ্রীমতি স্মৃতিকনা দাস ঘর ভাড়া বাবদ মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা পাইবেন।

গ) শ্রীমতী শিল্পী দাস ঘর ভাড়া বাবদ মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা পাইবেন।

ঘ) শ্রী সুদীপ্ত দাস ঘর ভাড়া বাবদ মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা পাইবেন।

২। উপরিউল্লিখিত বা নিম্নের 'খ' তপশীল বণীত জমির মালিকগণের জন্য নির্দিষ্ট জায়গা বা এরিয়া /স্পেস মায় যাবতীয় কমন সুযোগ সুবিধা ব্যবহারের স্বত্ব তৎসহ আনুপাতিক হারে জমির স্বত্ব তৎসহ সম্পত্তি ব্যতীত, প্রস্তাবিত বহুতল বিশিষ্ট গৃহাদির অবশিষ্ট জায়গা বা এরিয়া /স্পেস মায় যাবতীয় কমন সুযোগ সুবিধা ব্যবহারের স্বত্ব তৎসহ আনুপাতিক হারে জমির স্বত্ব তৎসহ সম্পত্তি যাহা নিম্নের 'গ' তপশীলে বিশেষভাবে বণীত হইল তাহা দ্বিতীয় পক্ষ বা ডেভেলপারের অংশ ও অধিকার বলিয়া গন্য ও কার্যকর হইবে। দ্বিতীয় পক্ষ তাহার উক্ত অংশ পছন্দমত যে কোন বিক্রেতা বা বিক্রেতাগণের নিকট যে কোন মূল্যে বিক্রয় করিতে পারিবেন এবং সেই বিক্রেতার সহিত বায়নাপত্রে যে কোন শর্তে আবদ্ধ হইয়া সহি সম্পাদন করিয়া বায়না বাবদ টাকা লইতে পারিবেন বা কিস্তিতে সমগ্র বা মোট মূল্য গ্রহন করিতে পারিবেন। তাহাতে প্রথম পক্ষের কোন অংশ থাকিবে না বা প্রথম পক্ষের কোনরূপ আপত্তি থাকিবে না বা থাকিলেও গ্রাহ্য হইবে না।

৩। 'ক' তপশীল বণীত ষোলো আনা সম্পত্তির উপরিস্থিত বর্তমান বাগী ভাঙিবার পর তাহার ধ্বংসাবশেষ অর্থাৎ রাবিশ, ইট, লোহা, গ্রীল, জানালা, দরজা ইত্যাদি যাহা পাওয়া যাইবে তাহাতে দ্বিতীয় পক্ষের অধিকার একক ষোলো আনা রূপে থাকিবে এবং উক্ত মালামাল বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ একক ভাবে দ্বিতীয় পক্ষ পাইবে, উহাতে প্রথম পক্ষের কোনরূপ দাবি দাওয়া থাকিবে না।

৪। অত্র চুক্তিপত্র সম্পাদনের দিন হইতে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে উক্ত বা নিম্ন 'ক' তপশীল বর্ণিত ষোলো আনা সম্পত্তির জমি ও বাড়ির স্বত্ব সম্বন্ধীয় যাবতীয় কাগজপত্রাদির বা দলিল দস্তাবেজ যেমন- দলিল, মিউটেশন, পরচা, ইত্যাদি দ্বিতীয় পক্ষকে প্রদান বা হস্তান্তর করিতে বাধ্য থাকিবেন/থাকিলেন।

৫। উক্ত ডেভেলপার / দ্বিতীয় পক্ষ সম্পূর্ণ নিজ খরচ, দায়িত্ব, ব্যবস্থাপনায় ও তত্ত্বাবধানে উৎকৃষ্ট মানের মাল, মশলা, সহযোগে স্থানীয় দমদম পৌরসভা কর্তৃক নকশার অনুমোদন পূর্বক প্রস্তাবিত বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মান করিবেন উক্ত অনুমোদনের দিন হইতে পরবর্তী ২৪(চব্বিশ) মাসের মধ্যে। কিন্তু প্রাকৃতিক দুর্যোগ যেমন- তুফান, বন্যা, ভূমিকম্প ইত্যাদি অথবা যুদ্ধ এবং রাজনৈতিক অস্থিরতার কারণে নির্মান কার্যের মেয়াদ ১২(বারো) মাস বাড়িবে। কিন্তু যদি উক্ত মাসাদের মধ্যে অত্র ডেভেলপার, মালিক পক্ষগণকে তাহাদের প্রাপ্য অংশের দখল প্রদান করিতে না পারিলে মেয়াদান্তে মাসিক ২০,০০০/- (কুড়ি হাজার) টাকা (সুবল দাস ১০,০০০/- টাকা, সুদীপ্ত দাস ৫,০০০/- টাকা এবং স্মৃতিকনা দাস ৫,০০০/- টাকা পাইবেন) প্রথম পক্ষকে ড্যামারেজ হিসাবে দিতে হইবে। এখানে আরও প্রকাশ থাকে যে উক্ত দ্বিতীয় পক্ষ মাটির পরিষ্কা সহ উক্ত অট্টালিকা নির্মান কল্পে যাবতীয় কার্যাদি নিজ খরচে করবেন।

৬। প্রথম পক্ষ এতদ্বারা দ্বিতীয় পক্ষকে ক্ষমতা প্রদান করিতেছেন যে দ্বিতীয় পক্ষ, প্রথম পক্ষের জমির উপর বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মান করিবার জন্য অত্র চুক্তিপত্র সম্পাদনের দিন হইতে আগামী সর্বোচ্চ ৬(ছয়) মাসের মধ্যে বাড়ির নকশা দ্বিতীয় পক্ষের খরচে দমদম পৌরসভার উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা মঞ্জুর বা অনুমোদন করাইয়া লইতে পারিবেন। পরবর্তী সময়ে সংশোধনী বিল্ডিং প্ল্যান- এর প্রয়োজন হইলে অত্র প্রথমপক্ষ, দ্বিতীয় পক্ষকে সর্বোত্তমভাবে সাহায্য করিবেন। প্রসঙ্গত উল্লেখ থাকে যে, উক্ত অনুমোদিত মূল বিল্ডিং প্ল্যানটি দ্বিতীয় পক্ষের হেপাজতে থাকিবে এবং বিল্ডিং প্ল্যানটির একটি জেরক্স কপি প্রথম পক্ষকে দিতে বাধিত থাকিবেন। উল্লেখ দ্বিতীয় পক্ষ প্রয়োজন বোধে

পাশের জমির সাথে অ্যামালগ্যামেন্ট বা সংযুক্তি করিয়া প্ল্যান পাশ করা হইতে পারিবেন তাহাতে প্রথম পক্ষ অর্থাৎ মালিকগণের কোন আপত্তি থাকিবে না।

৭। অত্র চুক্তিপত্র সম্পাদনের মুহূর্তে প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষের অনুকূলে একটি ডেভেলপমেন্ট পাওয়ার অফ এটর্নী বা আমমোভার নামা দলিল সম্পাদন করিয়া দ্বিতীয় পক্ষ প্রস্তাবিত বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মাণের জন্য ইঞ্জিনিয়ার ও আর্কিটেক্ট নিয়োগ করিতে পারিবেন এবং প্রস্তাবিত বহুতল বাটির সুষ্ঠুভাবে কাজকর্ম পরিচালনা করিবার জন্য লেবার কন্ট্রাক্টর সহ সমস্ত প্রকার দক্ষ ও অদক্ষ মিস্ত্রী বা কর্মীকে দ্বিতীয় পক্ষ তাহার নিজ খরচায় নিয়োগ করিতে পারিবেন এবং ইঞ্জিনিয়ার-এর পরামর্শ অনুযায়ী দ্বিতীয় পক্ষ প্রয়োজনীয় মালপত্র উক্ত অনুমোদিত বিল্ডিং প্ল্যান মোতাবেক প্রস্তাবিত বহুতল বিশিষ্ট পাকা ইমারত বাটির নির্মাণকার্য সম্পন্ন করিবেন। ইহাতে প্রথম পক্ষ অর্থাৎ মালিকদ্বয় অংশ গ্রহন করিতে পারিবেন না। প্রস্তাবিত বহুতল বিশিষ্ট পাকা বাটি বা ইমারত সম্পূর্ণভাবে ব্যবহারের উপযোগী করিবার জন্য দ্বিতীয় পক্ষ তাহার নিজ খরচে জল, বৈদ্যুতিক ব্যবস্থা এবং আনুষঙ্গিক যাবতীয় কমন সুযোগ সুবিধা ব্যবহারের বন্দোবস্ত করিতে বাধ্য থাকিলেন এবং প্রয়োজন অনুযায়ী এই ব্যাপারে সমস্ত কমন কাগজপত্র সম্পত্তির মালিক হিসাবে প্রথম পক্ষ সহি সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিলেন।

৮। উক্ত ডেভেলপমেন্ট পাওয়ার অফ এটর্নী বা আমমোভার নামা দলিল মূলে দ্বিতীয় পক্ষ প্রস্তাবিত বহুতল বাটির প্রথম পক্ষের অংশ চিহ্নিত ও নির্দিষ্ট কৃত নিয়ে 'খ' তপশীল বনিত অংশ ছাড়া অবশিষ্ট অংশ ইহার মনোনিত উপযুক্ত যে কোনো ক্রেতা বা ক্রেতাগণের নিকট যে কোনো মূল্যে বিক্রয় করিতে পারিবেন এবং যে কোনো শর্তে বায়না পত্রে আবদ্ধ হইতে পারিবেন, বায়না বাবদ অগ্রিম টাকা লইতে পারিবেন এবং কিস্তিতে সমগ্র টাকা গ্রহন করিতে পারিবেন এবং উক্ত বিক্রয় লব্ধ অর্থের কোনো অধিকার বা প্রাপ্য প্রথম পক্ষ অর্থাৎ মালিকগণের থাকিবে না। এই ব্যাপারে যাবতীয় সাফ বিক্রয় কোবালা

দলিলের বিক্রেতা হিসাবে জমির মালিক প্রথম পক্ষের সহিত বা ব-কলমে দ্বিতীয় পক্ষ নিজে সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধিত ও স্বীকৃত রহিলেন।

৯। প্রথম পক্ষ প্রস্তাবিত বহুতল বাড়ির অপরাপর সহ মালিকদের(যাহার অত্র দ্বিতীয় পক্ষ- এর নিকট হতে খরিদা সূত্রে মালিক) সহিত উক্ত প্রস্তাবিত বহুতল বিশিষ্ট বাটীর শেষ বা অন্তিম ভাগের ছাদের উপরিভাগ সমানভাবে ব্যবহার করিতে পারিবেন।

১০। প্রস্তাবিত বহুতল বিশিষ্ট পাকা ইমারত বাটি নির্মান করা কালিন যদি স্থানীয় বা বাহিরের কোনো ব্যক্তিগনের দ্বারা কোনোরূপ বাধার সৃষ্টি হয় তবে সেক্ষেত্রে সেই সকল সমস্যা দ্বিতীয় পক্ষ তাহার নিজ খরচায় সমাধান করিতে বাধিত থাকিলেন। সেক্ষেত্রে প্রথম পক্ষ উক্ত ব্যাপারে দ্বিতীয় পক্ষকে সম্পূর্ণরূপে সাহায্য করিতে বাধ্য থাকিলেন। তবে জমি সংক্রান্ত কোন কাগজ পত্রের ত্রুটির দরুন প্রস্তাবিত বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মান করিতে যদি দ্বিতীয় পক্ষ বাধা প্রাপ্ত হয় সেক্ষেত্রে প্রথম পক্ষ তাহার নিজ খরচে ও দায়িত্বে তাহা সমাধান করিয়া দিতে বাধিত ও স্বীকৃত রহিলেন এবং সেক্ষেত্রে দ্বিতীয় পক্ষ এই ব্যাপারে প্রথম পক্ষকে সম্পূর্ণরূপে সহযোগিতা করিতে বাধিত ও স্বীকৃত থাকিলেন। কিন্তু জমি সংক্রান্ত কোনো কাগজ পত্রের ত্রুটির সমাধান না হলে অত্র দ্বিতীয় পক্ষ অর্থাৎ উন্নয়নকারী এই চুক্তিপত্র বাতিল করিতে পারিবেন।

১১। প্রথম পক্ষ অত্র চুক্তিপত্র সম্পাদনের পূর্বেকার যাবতীয় বকেয়া খাজনা এবং দমদম পৌরসভার নির্ধারিত ট্যাক্স মিটাইয়া দিতে বাধিত রহিলেন। সেই চুক্তিপত্রের প্রস্তাবিত বহুতল বিশিষ্ট গৃহাদি নির্মানের সময়কালে উক্ত জমির সমস্ত রকম সরকারি খাজনা, ট্যাক্সাদি ইত্যাদি দ্বিতীয় পক্ষ বহন করিতে বা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট মিটাইয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলেন এবং সেক্ষেত্রে প্রথম পক্ষের কোনরূপ সহি বা স্বাক্ষরের প্রয়োজন হলে প্রথম পক্ষ

তাহা করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলেন। প্রস্তাবিত বহুতল বিশিষ্ট বাটী সম্পূর্ণভাবে নির্মান করিবার পর এবং প্রথম পক্ষ তাহার অংশ বিশেষ দ্বিতীয় পক্ষের নিকট হইতে বুঝিয়া লইবার পর প্রথম পক্ষ শুধুমাত্র তাহার অংশের জন্য সরকারি খাজনা ও পৌরসভার ট্যাক্সাদি বহন করিবেন এবং তাহার উক্ত নির্দিষ্ট কৃত অংশ সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতায়ুক্তে ওয়ারিশন গনক্রমে ভোগ দখল করিবেন।

১২। প্রস্তাবিত বহুতল বিশিষ্ট পাকা ইমারত বাটী নির্মানের প্রয়োজনে বা নির্মান কার্য চলাকালিন যাবতীয় কাগজ পত্রাদিতে প্রথম পক্ষ জমির মালিক হিসাবে সহি সম্পাদন করিতে বাধ্য ও স্বীকৃত রহিলেন।

১৩। প্রথম পক্ষ এতদ্বারা ঘোষণা করিতেছে যে, চুক্তিবদ্ধ সম্পত্তি বন্ধকাদি দ্বারা দায়বদ্ধ রখি নাই বা উহা সরকার কর্তৃক কোনো ল্যান্ড ইকুইজিশান-এর নোটিশাদি প্রাপ্ত হয় নাই বা কোনো ইকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা কাহারও সহিত বিক্রয় চুক্তিতে আবদ্ধ হই নাই বা কাহারও নিকট কোনো প্রকার দায়বদ্ধ করি নাই বা কোনো আদালত কর্তৃক ক্রোক বা নিলাম হয় নাই বা উহা কোনো মামলা মোকদ্দমায় বিষয়ভুক্ত সম্পত্তি নহে বা কাহারও নিকট জামিনে বা কোরাকির দায়ে আবদ্ধ হই নাই বা উহাতে কোনরূপ চার্জ নাই বা অপর কোন শরিক বা অংশীদার নাই, উহা সম্পূর্ণ নির্দায়, নির্দোষ মুক্ত, পরিষ্কার এবং আমাদের খাস দখলে আছে। প্রথম পক্ষ আরও স্বীকার ও অঙ্গিকার করিতেছেন যে, এই চুক্তিপত্রের মেয়াদকালে প্রথম পক্ষ কাহারও নিকট কোনরূপ ভাবে উক্ত সম্পত্তি দায়বদ্ধ করিতে পারিবেন না এবং প্রথম পক্ষ ব্যতীত অন্য কোন ব্যক্তি/ব্যক্তিবর্গেরা কোনরূপ কোনো দাবি করিলে তাহা প্রথম পক্ষ মিটাইতে বাধ্য রহিলেন।

১৪। অত্র চুক্তিপত্রের যদি কোনো ভুলভ্রান্তি প্রকাশ পায় কিংবা পরবর্তী সময়ে কখনো অত্র চুক্তিপত্র ও শর্তাবলির বলে আপনাদের অন্তে উক্ত ফ্ল্যাটের

কোনো অংশ কিংবা আপনাদের প্রাপ্য সমগ্র অংশের দলিলাদি বা কোনো প্রকার হস্তান্তর জাতীয় চিরস্থায়ী অধিকারের দানপত্র ইত্যাদি করিয়া দিবার প্রয়োজন হয়, তাহা হলে আমরা অত্র চুক্তিপত্রের প্রথম পক্ষ উক্ত প্রয়োজনে বা প্রস্তাবে বিনা দ্বিধায় সহি স্বাক্ষরাদি করিয়া দিতে বাধিত রহিলাম বা রহিবা।

১৫। দ্বিতীয় পক্ষ এতদ্বারা অঙ্গীকার করিতেছে যে নকশা অনুমোদন বা বাড়ি খালি করিবার (যেটি পরে হবে) ১৫(পনেরো) দিন পর হতে খনন কার্য শুরু করিবেন এবং খনন কার্যের দিন হতে সর্বাধিক ২৪(চব্বিশ) মাসের মধ্যে বহুতল বিশিষ্ট গৃহাদির যাবতীয় কমন সুযোগ সুবিধার সুব্যবস্থা সহ দ্বারা বিভিন্ন স্বয়ং সম্পূর্ণ ফ্ল্যাট, দোকানঘর, গ্যারেজ, ইত্যাদি সহ গৃহাদি নির্মান করিবেন। জমির কাগজপত্র সংক্রান্ত কোনরূপ আইনি জটিলতার দ্বারা নির্মান কার্যতে বিলম্ব হলে দ্বিতীয় পক্ষ তাহাতে কোনরূপ ভাবে দায়ী থাকিবে না। কিন্তু ফ্ল্যাট, দোকানঘর, গ্যারেজ বিক্রয় সংক্রান্ত ব্যাপারে কোনরূপ আইনি জটিলতার সৃষ্টি হইলে দ্বিতীয় পক্ষ বা ডেভেলপার সম্পূর্ণরূপে দায়ী থাকিবেন এবং তাহাতে প্রথম পক্ষগণ কোনরূপ ভাবে দায়ী থাকিবে না। কেবলমাত্র কোনো প্রাকৃতিক বিপর্যয়, রাজনৈতিক অস্থিরতা উপস্থিত হলে প্রথম পক্ষ বহুতল নির্মানের সময় ১২(বারো) মাস বৃদ্ধি করিবেন বা করবেন।

১৬। ভবিষ্যতে আইনত অত্র চুক্তিপত্রের যদি কোনো শর্তের পরিবর্তনের প্রয়োজন হয় বা কোনো ভুল বা ভ্রম প্রকাশ পায় বা নতুন কোন শর্ত আরোপ করিতে হয়, তা হইলে উভয় পক্ষ একমতাবলম্বী হইয়া এই জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট সুষ্টভাবে সম্পন্ন করিবার জন্য সাপ্লিমেন্টারি এগ্রিমেন্ট বা অনুরূপ কোনো এগ্রিমেন্ট রেজিস্ট্রী করিতে বাধিত থাকিবেন বা থাকবেন।

১৭। বহুতল বিশিষ্ট বাটির কমন সুযোগ সুবিধা ভোগ করিবার জন্য যে সমস্ত সরকারী আইন বর্তমানে প্রযোজ্য আছে তাহা অত্র চুক্তিপত্রের উভয় পক্ষ

তৎসহ তাহাদের ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন ক্রমে মানিয়া চলিতে বাধিত থাকিবেন বা থাকবেন।

১৮। প্রস্তাবিত বহুতল বিশিষ্ট বাটি সম্পূর্ণভাবে নির্মান হইবার পর কোন পক্ষই তাহা ভাঙিয়া ফেলিতে পারিবেন না। তবে প্রয়োজনবোধে মূল কাঠামোর(স্ট্রাকচার) কোনরূপ ক্ষতিসাধন না করিয়া উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে প্রয়োজনীয় অনুমোতি লইয়া শুধুমাত্র মেরামতি কার্য্য করিতে পারিবেন।

১৯। প্রস্তাবিত বহুতল বিশিষ্ট গৃহকম্প সম্পূর্ণরূপে নির্মান হইয়া গেলে সমস্ত মালিক গনের দ্বারা একটি কমিটি বা সমিতি গঠন হইবে এবং সেই কমিটি উক্ত গৃহাদির সাধারন বা কমন এলাকার সুবিধা সমূহের তত্ত্বাধান করিবেন, সেক্ষেত্রে উভয় পক্ষের মনোনিত ক্রেতাগন বা স্থলাভিষিক্তগন তাহার সদস্য হইতে বাধ্য থাকিবেন এবং প্রচলিত আইন মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। যতদিন পর্য্যন্ত উক্ত কমিটি গঠন না হইবে ততদিন পর্য্যন্ত তত্ত্বাধানের দায়িত্ব দ্বিতীয় পক্ষের উপর থাকিবে।

২০। উপরিউল্লিখিত শর্তাবলি লইয়া যদি ভবিষ্যতে উভয় পক্ষের মধ্যে কোনোরূপ মনমালিন্য বা বিরোধের সৃষ্টি হইলে আরবিট্রেশন অ্যাক্ট ১৯৯৬ আইন মোতাবেক উভয় পক্ষের সম্মতিক্রমে উক্ত বিরোধ মিমাংসা করিয়া লইবেন।

২১। উভয় পক্ষ আলাপ আলোচনার মাধ্যমে প্রস্তাবিত বহুতল বাড়ির নামকরন ঠিক করিবেন।

২২। প্রস্তাবিত বহুতল বাড়ির নির্মান কার্য্য চলাকালিন প্রথম পক্ষের কেহ মারা গেলে তাহার স্থলে তাহার ওয়ারিশগন বা উত্তরাধীকারিগন তার পরিমিত অংশের মালিক বলিয়া পরিগনিত হইবে এবং সেক্ষেত্রে সাপ্লিমেন্টারি জয়েন্ট

ভেঙ্গার এগ্রিমেন্ট বা অনুরূপ কোনো এগ্রিমেন্ট এবং নতুন করিয়া ডেভেলপমেন্ট পাওয়ার অফ অ্যাটর্নী বা আমোক্তারনামা ডেভেলপারের অনুকূলে বা পক্ষ সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিবেন। অনুরূপভাবে দ্বিতীয় পক্ষের কাহারও অবর্তমানে উক্ত নির্মানকার্য বন্ধ হইলে তাহার উত্তরাধীকারি বা উত্তরাধীকারিগন তাহার স্থলে ডেভেলপার হিসাবে পরিগনিত বা বিবেচিত হইবে এবং সেক্ষেত্রে অত্র প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগন সাপ্লিমেন্টারি জয়েন্ট ভেঙ্গার এগ্রিমেন্ট বা অনুরূপ কোনো এগ্রিমেন্ট এবং নতুন করিয়া ডেভেলপমেন্ট পাওয়ার অফ অ্যাটর্নী বা আমোক্তারনামা ডেভেলপারের অনুকূলে বা পক্ষ সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিবেন।

২৩। উক্ত নিম্ন 'ক' তপশীল বণীত সম্পত্তির উপর যে বহুতল নির্মিত হইবে তন্মধ্যে আমরা প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগন হিসাবে কেবলমাত্র উপরিউল্লিখিত ফ্ল্যাট, গ্যারেজগুলি শুধুমাত্র প্রাপ্ত হইবে। অবশিষ্ট ফ্ল্যাট, দোকান ঘর, গ্যারেজগুলির উপর আমরা প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগন আমাদের ও আমাদের উত্তরাধীকারি বা উত্তরাধীকারিগন- এর কোনরূপ দাবি ও অধিকার চিরতরে রহিত রহিল বা থাকিবে না।

২৪। উক্ত নিম্ন 'ক' তপশীল বণীত সম্পত্তির উপর বহুতল নির্মান কার্য চলাকালিন কোনরূপ দুর্ঘটনা ঘটিলে তার জন্য প্রথম পক্ষ অর্থাৎ জমির মালিকগন কোন অবস্থাতেই দায়ী থাকিবেন না এবং দুর্ঘটনার জন্য কোন রকম টাকা বা ক্ষতিপূরণ দিতে দায়বদ্ধ থাকিবে না।

২৫। এখানে উল্লেখ থাকে যে দ্বিতীয় পক্ষ, প্রথম পক্ষের প্রাপ্য অংশ বুঝাইয়া দিবার পর ফ্ল্যাট, গ্যারেজ- এর পজেশন লেটার ও পৌরসভা হইতে অনুমোদিত কমপ্লিশন সার্টিফিকেট (সি.সি.) প্রথম পক্ষকে দিতে বাধিত থাকিবেন বা রহিলেন।

‘ক’ তপশীল বণীত ষোলো আনা সম্পত্তির পরিচয়:

